গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
(স্থানীয় সরকার শাখা)
www.naogaon.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৪০০.১০৯.০১.০০৩.২২- ১১

তারিখ: ১০/০১/২২ খ্রি:।

# দরপত্র বিজ্ঞপ্তি

নওগাঁ জেলার ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) জন্য পোশাক ও সরঞ্জামাদি সরবরাহের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত পোশাক ও সরঞ্জামাদি সরবরাহকারীদের নিকট হতে নিম্নবর্ণিত তফসিল অনুযায়ী শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে :

## তফসিল 'ক'

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ২ | দরপত্র আহ্বানকারী দপ্তরের নাম | জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ। |
| ৩ | দরপত্রের বিবরণ | 'গ' তফসিলে বর্ণিত পোষাক ও সরঞ্জামাদি |
| ৪ | অর্থের উৎস | মঞ্জুরি সহায়তা খাত (জিওবি) |
| ৫ | দরপত্র গ্রহণ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি |
| ৬ | কাজের মেয়াদ | কার্যাদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিন |
| ৭ | দরপত্র সিডিউল মূল্য | ৩০০০/- (তিন হাজার) টাকা (অফেরত যোগ্য) |
| ৮ | দরপত্র গ্রহণকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠাণের নাম | ১। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী<br>২। স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ। |

## তফসিল 'খ'

দরপত্র বিক্রয়, দরপত্র দাখিল, দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলা ও খাম উন্মোচনের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ০৮/০২/২২<br>সকাল ০৯:০০টা থেকে ৫.০০টা পর্যন্ত। | ০৯/০২/২২<br>সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | বেলা ৫.০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) |
| ২য় | ২৭/০২/২২<br>সকাল ০৯:০০টা থেকে ৫.০০টা পর্যন্ত। | ২৮/০২/২২<br>সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | বেলা ৫.০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) |
| ৩য় | ১৫/০৩/২২<br>সকাল ০৯:০০টা থেকে ৫.০০টা পর্যন্ত। | ১৬/০৩/২২<br>সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | বেলা ৫.০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) |
| ৪র্থ | ৩০/০৩/২২<br>সকাল ০৯:০০টা থেকে ৫.০০টা পর্যন্ত। | ৩১/০৩/২২<br>সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | বেলা ৫.০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) |
| ৫ম | ১৭/০৪/২২<br>সকাল ০৯:০০টা থেকে ৫.০০টা পর্যন্ত। | ১৮/০৪/২২<br>সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | বেলা ৫.০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) |

## তফসিল 'গ '

গ্রাম পুলিশদের জন্য পোশাক ও সরঞ্জামাদির বিবরণ

| ক্রমিক | পোষাক ও সরঞ্জামাদির বিবরণ | মোট সংখ্যা |
|---|---|---|
| ০১ | ফুলপ্যান্ট (খাকি কাপড়ের) সরকার কর্তৃক সরবরাহকৃত নমুনা অনুযায়ী | ১৭৭৮ টি |
| ০২ | ফুলশার্ট (নেভী ব্লু রং) সরকার কর্তৃক সরবরাহকৃত নমুনা অনুযায়ী | ৮৮৯ টি |
| ০৩ | হাফশার্ট (নেভী ব্লু রং) সরকার কর্তৃক সরবরাহকৃত নমুনা অনুযায়ী | ৮৮৯ টি |
| ০৪ | উন্নতমানের কাপড়ের জুতা (পুরুষ) | ৮৮৯ জোড়া |
| ০৫ | উন্নতমানের কাপড়ের জুতা (মহিলা) | ৩৪ জোড়া |
| ০৬ | উন্নতমানের বেল্ট | ৯২৩ টি |
| ০৭ | সোল্ডার ব্যাজ (বেগুণী রং) (দফাদারের ব্যাজে খাকি রংয়ের four pointed cross খাকি কালার, four pointed cross এর মধ্যে দোয়েল) আকাশি রংয়ের রিবন, সাদা রং এর গ্রাম পুলিশ লেখা। | ৯২৩ জোড়া |
| ০৮ | নেভী ব্লু রংয়ের শাড়ী ও প্যান্ট | ৩৪+৩৪=৬৮ |
| ০৯ | ব্লাউজ ও পেটিকোট | ৩৪+৩৪=৬৪ |
| ১০ | মহিলা গ্রাম পুলিশের জন্য নেভী ব্লু রংয়ের শার্ট (মহিলা পুলিশের ন্যায়) | ৩৪ টি |
| ১১ | জ্যাকেট ১টি | ৮৮৯ টি |
| ১২ | উলের জামা (পুরুষ) | ৮৮৯ টি |
| ১৩ | উলের জামা (মহিলা) | ৩৪ টি |
| ১৪ | কার্ডিগান (মহিলা) | ৩৪ টি |

**১ম দফায় ইপ্সিত দর পাওয়া না গেলে বা দরপত্র দাখিল না হলে দরপত্র গৃহীত না হওয়া পর্যন্ত একই শর্তের অধীনে অনুরুপভাবে পর্যায়ক্রমে দফাওয়ারী দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।**

৪৭

দরপত্রের শর্তাবলী:

১। দরপত্রের সাথে জামানত হিসেবে উদ্ধৃত দরের সর্বনিম্ন ৩% হারে অর্থ (ফেরতযোগ্য) একাউন্ট পেয়ী বিডি/ডিডি/পে-অর্ডার বাংলাদেশের যে কোন তফশিলি ব্যাংকের শাখা হতে জেলা প্রশাসক, নওগাঁর অনুকূলে জমা দিতে হবে।

২। দরপত্রের সাথে চাহিত পোষাক ও সরঞ্জামাদির প্রতিটি আইটেমের নমুনা দাখিল করতে হবে।

৩। ২০২১-২২ অর্থ বছরে নবায়নকৃত বৈধ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৪। দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, সদ্যতোলা রংগিন ২ কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, চলতি বছরের আয়কর পরিশোধ/আয়কর সংক্রান্ত সনদপত্র এবং আয়কর জমা চালানের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরপত্রের সাথে ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৬। পোশাক ও সরঞ্জামাদি প্রাপ্তির ৬(ছয়) মাসের মধ্যে কোন অভিযোগ পাওয়া না গেলে ৬ (ছয়) মাস পর কৃতকার্য দরদাতার জামানত ফেরত দেয়া হবে।

৭। দরপত্রের নমুনা (মূল্যায়ন কমিটি কর্তৃক গৃহীত) অনুযায়ী পোষাক ও সরঞ্জামাদি সরবরাহ না পাওয়া গেলে সরবরাহকৃত মালামাল গ্রহণ করা হবে না এবং কোন ক্ষতিপূরণ প্রদান করা হবে না। এছাড়া শর্ত ভঙ্গের কারণে জামানত বাজেয়াপ্ত করা হবে।

৮। চলতি বছরের বরাদ্দসীমার মধ্যে পোষাক ও সরঞ্জামাদির গুণগত মান ও মূল্য যাচাই করে সরবরাহকারী নির্বাচন করা হবে।

৯। সকল আইটেমের জন্য পৃথক পৃথক দর কথায় ও অংকে লিখতে হবে।

১০। সরবরাহকৃত নমুনা অনুসারে পোশাক ও সরঞ্জামাদি নির্ধারিত সময়ের মধ্যে নিজ খরচে প্রথমে এ কার্যালয়ে এবং দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী গৃহীত হলে প্রত্যেক উপজেলায় পৌঁছানো নিশ্চিত করতে হবে।

১১। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পোশাক ও সরঞ্জামাদির গুণগত মান যাচাই অন্তে বিল পরিশোধের সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

১২। বিধি মোতাবেক বিল হতে আয়কর ও ভ্যাট কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে।

১৩। কর্তৃপক্ষ পোশাক ও সরঞ্জামাদির পরিমাণ/সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। দরপত্রের সাথে বিগত তিনবছরের মধ্যে কমপক্ষে ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকার একই ধরনের (গ্রাম পুলিশ/আনসার ও ভিডিপি/পুলিশের) পোষাক ও মালামাল সরবরাহের অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।

১৫। কোন প্রকার কাগজপত্র ভুয়া/জাল প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৬। গৃহীত দরপত্রের দরদাতাকে নিজ উদ্যোগে গ্রাম পুলিশদের পোষাক ও জুতার মাপ গ্রহণপূর্বক মাপ অনুযায়ী পোষাক ও জুতা প্রত্যেকের নামে প্যাকেটে সরবরাহ করতে হবে।

১৭। দরপত্র দাখিলের পূর্ব পর্যন্ত ন্যূনতম ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকা জমা ছিল মর্মে তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৮। দরপত্রের কার্যক্রম চলমান অবস্থায় সরকারের নির্দেশনা অনুযায়ী কর্তৃপক্ষ যে কোন শর্ত আরোপ করতে পারবেন।

১৯। দরপত্র সংক্রান্ত সকল কার্যাদি পিপিআর-২০০৮ অনুযায়ী পরিচালিত হবে।

২০। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১০/১/২২
(মো হারুন-অর-রশীদ)
জেলা প্রশাসক
নওগাঁ।

নং-০৫.৪৩.৬৪০০.১০৯.০১.০০৩.২২-১১

তারিখ: ১০/০১/২০২২ খ্রি.।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৪। জেলা প্রশাসক------------------------------------ (সকল)।

অনুলিপি: জ্ঞাতার্থ ও কার্যার্থ প্রেরণ করা হল।

৫। পুলিশ সুপার, নওগাঁ।

৬। উপজেলা নির্বাহী অফিসার,-------------------------------------- (সকল), নওগাঁ।

৭। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।

৮। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নওগাঁ।

৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নওগাঁ।

১০। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব সাইটের নোটিশ বোর্ডে আপলোড করার জন্য অনুরোধ করা হল।

১১। সম্পাদক, ……………………. ঢাকা, বিজ্ঞপ্তিটি তার পত্রিকার ভিতরের পৃষ্ঠায় ০৩ নং কলামে সংক্ষিপ্ত আকারে ৮×৩ সাইজে জরুরীভিত্তিতে ০১ (এক) দিনের জন্য (ছুটির দিন ব্যতীত) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

১০/১/২২
জেলা প্রশাসক
নওগাঁ।